"প্রবাসীর কল্যাণ, মর্যাদা-আমাদের অঙ্গীকার
স্মার্ট বাংলাদেশ গড়ায় তারাও সমান অংশীদার।"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২, কাকরাইল, ঢাকা।
প্রশাসন শাখা
www.bmet.gov.bd

# মার্চ ২০২৪ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব সালেহ আহমদ মোজাফফর
মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

তারিখ : ২৫/০৩/২০২৪ খ্রিঃ, সকাল ১১:০০ ঘটিকা

**সভার স্থান : বিএমইটি'র সম্মেলন কক্ষ**

**উপস্থিতির তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।**

উপস্থিত সকল কর্মকর্তাকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। প্রারম্ভিক বক্তব্যে বিএমইটি'র সকল কর্মকর্তাকে দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে পালনের আহবান জানানো হয়।

০২। বিগত ফেব্রুয়ারি/২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | **প্রশিক্ষণ শাখার কার্যক্রমঃ** | ১.১ | ইন্টার্নশিপ এর সম্ভাব্যতা যাচাই করে ট্রেড ভিত্তিক কর্মপরিকল্পনা প্রেরণ করার জন্য টিটিসিতে পত্র প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)<br>২। পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা)<br>৩। অধ্যক্ষ, টিটিসি (সকল)<br>৪। ঊর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা |
| | | ১.২ | অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ)-কে আহবায়ক করে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ১.৩ | জেলা অভিবাসী সমন্বয় কমিটির (DMCC) ন্যায় উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারকে সভাপতি করে কমিটি গঠনের সুপারিশ প্রেরণের বিষয়টি গবেষনা সেল কর্তৃক দ্রুত বাস্তবায়নের তাগিদ দিতে হবে। | |
| | | ১.৪ | যে সকল রিমোট এলাকায় ডিইএমও নেই; সে সকল এলাকায় উপজেলা টিটিসিতেও বিদেশগামী কর্মীদের রেজিস্ট্রেশন ও ফিঙ্গার প্রিন্ট গ্রহণের কার্যক্রম সম্পাদন করতে পারে। তবে তাদের এ কার্যক্রমের জন্য ডিভাইস প্রয়োজন হলে পিডিও খাতের বাজেট থেকে ক্রয় করতে পারবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ)<br>২। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)<br>৩। সিস্টেম এনালিস্ট |
| | | ১.৫ | টিটিসি থেকে প্রশিক্ষণ গ্রহণকারীদের বৈদেশিক কর্মসংস্থানসহ আত্মকর্মসংস্থানের একটি তালিকা প্রস্তুত করে সংরক্ষণ করতে হবে। পিডিও ব্যতীত শুধুমাত্র দক্ষতা উন্নয়ন ও আত্মকর্মসংস্থানের পূর্ণাঙ্গ তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | জনাব মোহাম্মদ আলী মর্তুজা, উপপরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) |
| | | ১.৬ | ১০টি ট্রেডে মাস্টার ট্রেইনারদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বৈদেশিক শ্রম বাজারের চাহিদা অনুযায়ী তথ্য প্রদানে সহযোগিতার জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, বায়রা ও বোয়েসেলকে পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) |
| | | ১.৭ | বৈদেশিক শ্রম বাজারের চাহিদার ভিত্তিতে NSDA এর জন্য প্রশিক্ষণ মডিউল তৈরি করতে হবে। | |
| ০২। | **বহির্গমন শাখার কার্যক্রমঃ** | ২.১ | বিদেশগামী কর্মীদের ছাড়পত্র প্রদান সংক্রান্ত নথি সংরক্ষণের জন্য পরিচালক (বহির্গমন) এর সাথে আলোচনাপূর্বক পরিচালক (প্রশাসন ও অর্থ) জরুরী ভিত্তিতে একটি রেকর্ড রুম প্রস্তুত করবেন। | ১। পরিচালক (বহির্গমন)<br>২। পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| | | ২.২ | বিদেশগামী কর্মী ওয়ান স্টপ এর মাধ্যমে বহির্গমন ছাড়পত্র নিতে পারবে। ০৩ দিনের মধ্যে বহির্গমন ছাড়পত্র প্রদান করতে হবে। | |
| ০৩। | **কর্মসংস্থান শাখার কার্যক্রমঃ** | ৩.১ | ন্যূনতম প্রতি ০৬ মাসে ০১টি, বছরে কমপক্ষে ০২টি জব ফেয়ার করতে হবে। | পরিচালক (কর্মসংস্থান) |
| | | ৩.২ | নিয়মিত কোর্সের জব ফেয়ার ডিইএমও অর্গানাইজ করবে। প্রকল্পগুলোর ক্ষেত্রে (স্টেপ, সেইপ, এ্যাসেট ইত্যাদি) ডিইএমও এর সহযোগিতায় টিটিসিসমূহ জব ফেয়ারের আয়োজন করবে। | |
| | | ৩.৩ | অভিযোগ তদন্ত কার্যে ডিইএমও এর সহকারী পরিচালকগণকে সম্পৃক্ত করতে হবে। | |

Scanned with CamScanner

| ক্র নং | আলোচ্যসূচি | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ৩.৪ | রিক্রুটিং এজেন্সিসমূহকে RAIMS সফটওয়্যারে অন্তর্ভুক্তি এবং উক্ত সফটওয়্যারকে সক্রিয় রাখার জন্য আইটি পার্সন হিসেবে জনাব মোঃ কাজী কামাল, সহকারী নেটওয়ার্কিং ইঞ্জিনিয়ার কর্মসংস্থান শাখায় অতিরিক্ত দায়িত্ব পালন করবেন। | |
| | | ৩.৫ | ১৫ দিনের মধ্যে রিক্রুটিং এজেন্সির মালিক ও প্রতিনিধিদের আইডি কার্ড বিতরণের কার্যক্রম শুরু করতে হবে। | |
| ০৪। | প্রশাসন শাখার কার্যক্রম | ৪.১ | জনবল নিয়োগ: ১১-২০ গ্রেড পদের কর্মচারীদের নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।<br>১০ গ্রেড ও তদুর্ধ্ব পদের অধিযাচন দ্রুত পিএসসিতে প্রেরণ করতে হবে। | |
| | | ৪.২ | **২২ ডিইএমও'র কার্যক্রম চালুকরণ :** বিএমইটি'র অধীন নবসৃষ্ট ২২ ডিইএমও'তে আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্বসহ সহকারী পরিচালক এর দায়িত্ব প্রদানের জন্য প্রশাসনিক মন্ত্রণালয় ২৪ মার্চ ২০২৪ তারিখে ৪৯.০০.০০০০.০৫০.১৯.০০৭.২০(অংশ-১)-৯৬ সংখ্যক স্মারকে প্রজ্ঞাপন জারী করেছেন। | |
| | | ৪.৩ | **মামলা সংক্রান্ত :**<br>* বিএমইটি'র নিয়ন্ত্রনে কর্মরত কর্মকর্তা কর্মচারীদের শৃঙ্খলা জনিত বিষয়ে মোট ২৩ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ গঠনের জন্য অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>* ১১-২০ গ্রেডের ১৬ জন কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা চলমান রয়েছে।<br>* বিএমইটি ও এর অধীন অফিসসমূহের উচ্চ ও নিম্ন আদালতে [প্রশাসনিক ট্রাইব্যুনালে চাকরি সংক্রান্ত মামলা, বিএমইটির অধীন দপ্তরসমূহের চলমান রিট (উচ্চ আদালতে) চাকরি সংক্রান্ত মামলা, রিট পিটিশন মামলা (বিবিধ), রিট পিটিশন মামলা (রিক্রুটিং এজেন্সি সংক্রান্ত) কনটেম্পট মামলা বিবরণ, ফৌজদারী ও দেওয়ানি মামলা, শ্রম আদালত ও শ্রম আপিল আদালতের মামলা, বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন-২০১৩ অনুসারে দায়েরকৃত মামলা (জেলা পর্যায়ে)] ২৩৭টি মামলার তথ্যাদি প্রশাসনিক মন্ত্রণালয়/প্যানেল আইনজীবীর চাহিদা মোতাবেক প্রতিনিয়ত চাহিত তথ্যাদি প্রেরণ করা হয়ে থাকে।<br>* আউট সোর্সিং এর মাধ্যমে আউট সোর্সিং প্রতিষ্ঠান নিয়োগ সংক্রান্ত মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান)<br>২। পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| | বাজেট সংক্রান্ত: | ৪.৪ | আগামী ২০২৪-২০২৫ অর্থ বছরের চাহিদা নিয়ে বাজেট প্রস্তুত করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>ও<br>উপপরিচালক<br>(সাধারণ সেবা ও অর্থ) |
| | | ৪.৫ | অডিট নিষ্পত্তির জন্য দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভা আহ্বান করতে হবে। | |
| | সাধারন সেবা : | ৪.৬ | আউট সোর্সিং জনবলের অর্থ অবমুক্তর জন্য অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে। | উপপরিচালক<br>(সাধারণ সেবা ও অর্থ) |
| | আইটি শাখা: | ৪.৭ | ERP Software এর মেইনটেন্যান্স এর জন্য একটি বাজেট বরাদ্দ রাখার ব্যবস্থা করতে হবে। | ১। আইটি শাখা |
| | | ৪.৮ | ERP এর মধ্যে Training Management Software include করতে হবে। | ২। অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ) |
| ০৫। | '৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্প | ৫.১ | সকল যানবাহন ও অন্যান্য সরঞ্জামাদি To&E ভুক্ত করতে হবে। ডিপিডি, আইএমইডি মূল্যায়ন প্রতিবেদনসহ প্রশাসন শাখায় তালিকা প্রেরণ করতে হবে।<br>To&E ভুক্ত করার জন্য ডিপিপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ০৬। | 'দেশে-বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান' শীর্ষক প্রকল্প | ৬.১ | প্রশিক্ষণ গাড়ীগুলো To&E ভুক্ত করতে হবে। টিটিসিসমূহের ড্রাইভিং প্রশিক্ষণ প্রকল্পের গাড়ীগুলোর মেরামত খরচের প্রাক্কলন প্রস্তুত করে পরবর্তী সভায় উপস্থাপন করবেন। | প্রকল্প পরিচালক,<br>অধ্যক্ষ, টিটিসি (সকল) |
| ০৭। | পরিকল্পনা ও উন্নয়ন সেলের কার্যক্রম: | ৭.১ | ৬৪টি জেলায় ৬৪টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস স্থাপন' শীর্ষক প্রকল্পের Feasibility Study এর অগ্রগতি প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ১। প্রকল্প পরিচালক (৪০টি টিটিসি)<br>২। জনাব মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, উপপরিচালক (প্রশিক্ষণ)<br>৩। জনাব মৌসুমী আফরিন (ইন্সট্রাক্টর (বিআইএমটি), সহকারী পরিচালক |
| | | ৭.২ | ৬৪টি জেলায় ৬৪টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস স্থাপন' শীর্ষক প্রকল্পের কাজ দ্রুত সম্পাদন করতে হবে। | |

Scanned with CamScanner

| ক্র নং | আলোচ্যসূচি | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৮। | ডিটিটিটিআই'র কার্যক্রম সংক্রান্ত: | ৮.১ | Web Based e-learing & MIS Software-এ প্রশিক্ষণের জন্য প্রশিক্ষক দিতে হবে। ডিটিটিটিআইতে টিটিসি-প্রশিক্ষক দিতে হবে। কি কি বিষয়ে প্রশিক্ষণ দেয়া যায় সে বিষয়ে সভায় আলোচনা করতে হবে। | প্রকল্প পরিচালক, ডিটিটিটিআই |
| | | | ১০জন প্রশিক্ষকের নাম দিতে হবে। Web Based e-learing & MIS Software-এ ডিইএমওদের নিয়ে প্রশিক্ষণ দিতে হবে। | |
| ০৯। | টিটিসিসমূহ, ঢাকার কার্যক্রম: | ৯.১ | বিকে টিটিসি, বিজি টিটিসি, শেখ ফজিলাতুননেছা মুজিব মহিলা টিটিসি, কেরানীগঞ্জ টিটিসি, কেরানীগঞ্জ, ডিইএমও ঢাকার কার্যক্রম অগ্রগতি প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ১। পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা)<br>২। পরিচালক (কর্মসংস্থান) |
| ১০। | বিবিধ | ১০.১ | প্রাপ্ত পত্রসমূহ নিষ্পত্তি অনিষ্পত্তির প্রতিবেদন প্রত্যেক সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (সকল) |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র নাগরিক ও দাপ্তরিক সেবার মান বৃদ্ধিতে ব্যুরো'র সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদের সক্রিয় ও দায়িত্বশীল হওয়ার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(সালেহ আহমদ মোজাফফর)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন (অফিস) : ৪৯৩৪৯৯২৫
Email-dg@bmet.gov.bd

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০২.০৬.০০২.২২. ৭৮০ তারিখ: ০৭/০৪/২০২৪

**অনুলিপিঃ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ/কর্মসংস্থান), বিএমইটি, ঢাকা।
২. প্রকল্প পরিচালক (সকল) বিএমইটি, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. পরিচালক (প্রশাসন ও অর্থ/কর্মসংস্থান/বহির্গমন/প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) বিএমইটি, ঢাকা।
৫. অধ্যক্ষ, বিআইএমটি/ আইএমটি(সকল) ।
৬. সিস্টেম এনালিস্ট, বিএমইটি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. উপপরিচালক (সকল), বিএমইটি, ঢাকা।
৮. উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা, বিএমইটি, ঢাকা।
৯. অধ্যক্ষ, টিটিসি (সকল)।
১০. সহকারী পরিচালক (সকল) , বিএমইটি, ঢাকা।
১১. সহকারী পরিচালক, বিভাগীয়/জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস/শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর, ঢাকা।
১২. পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা
১৩. সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১৪. সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, বিএমইটি, ঢাকা।
১৫. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা।
১৬. মাস্টার নথি/২০২৪।

(সালেহ আহমদ মোজাফফর)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন (অফিস) : ৪৯৩৪৯৯২৫
Email-dg@bmet.gov.bd

Scanned with CamScanner